

ঢাবি অ্যামনাইয়ের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত



ঢাকা ইউনিভার্সিটি অ্যামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ১৬ মে ২০২৪ | ২২:৫৫



ঢাকা ইউনিভার্সিটি অ্যামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা সাড়ে ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে (টিএসসি) এ সভা হয়।

সংগঠনের সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরীর (পারভেজ) সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক সীতেশ চন্দ্র বাহার। সভায় সংগঠনের প্রায় দেড় হাজার জীবন সদস্য উপস্থিত ছিলেন।



এ ছাড়া উপস্থিত ছিলেন সংগঠনের মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার, প্রাক্তন মহাসচিব রঞ্জন কর্মকার, সহসভাপতি আশরাফুল হক মুকুল, কোষাধ্যক্ষ মাহবুব হোসেন, যুগ্ম মহাসচিব এ কে এম আফজালুর রহমান বাবু, সাংগঠনিক সম্পাদক শেখ সালাহউদ্দিন আহমেদ, প্রচার যোগাযোগ সম্পাদক কাজী মোয়াজ্জেম হোসেন প্রমুখ।

সভার শুরুতে গত একবছরে অ্যাসোসিয়েশনের জীবন সদস্যদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর মহাসচিব সাংগঠনিক প্রতিবেদন এবং কোষাধ্যক্ষ এক বছরের আর্থিক বিবরণী তুলে ধরেন।

ঢাকা ইউনিভার্সিটি অ্যামনাই অ্যাসোসিয়েশনের কার্যক্রমের প্রশংসা করে উপ-উপাচার্য অধ্যাপক সীতেশ চন্দ্র বাছার বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও উন্নয়নে আরও অবদান রাখার অনুরোধ জানান।

আনোয়ার-উল-আলম চৌধুরী জানান, বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে তারা যথাসাধ্য কাজ করছেন। ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখবেন। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।